কার্যালয়
জোনাল কমান্ডার ঢাকা জোন
বাংলাদেশ কোস্ট গার্ড সদর দপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ০১৭৬৯-৪৪১১৩৫
ই-মেইলঃ dhakazonestore@gmail.com

৩১ বৈশাখ ১৪৩২

৪৪.০৮.২৬৮০.১০০.৩০.০৩০.২৫. ৭৭৬ ১৪ মে ২০২৫

২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য বাংলাদেশ কোস্ট গার্ড ঢাকা জোনের সরবরাহকারী/ঠিকাদার হিসাবে ২য় ধাপে তালিকাভুক্তি/নবায়ন প্রসঙ্গে

সূত্রঃ

ক। জোনাল কমান্ডার ঢাকা জোন বিজ্ঞপ্তি নং ৪৪.০৮.২৬৮০.১০০.৬০.০৬০.২৪.৬৩৫ তারিখ ০৪ এপ্রিল ২০২৪।
খ। লজিস্টিকস্ পরিদপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৬০.৪৮.০০১.২৫.৬২২ তারিখ ০৬ মে ২০২৫।

১। সূত্র খ পত্র মোতাবেক বাংলাদেশ কোস্ট গার্ড ঢাকা জোনে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ২য় ধাপে নিম্ন বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে ক/খ/গ শ্রেণী ভিত্তিক সরবরাহকারী/ঠিকাদার হিসাবে তালিকাভুক্তি/নবায়ন করা হলোঃ

| ক্রঃ | প্রতিষ্ঠানের নাম | শ্রেণী | তলিকাভুক্তির ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ডি এস ইন্টারন্যাশনাল | ক | নতুন তালিকাভুক্ত | |
| ২। | ন্যামস মোটরস লিমিটেড | ক | নতুন তালিকাভুক্ত | |
| ৩। | নিউ ফাষ্ট মেডি পয়েন্ট | ক | নতুন তালিকাভুক্ত | |
| ৪। | পালস ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | গ | নবায়ন | |
| ৫। | শাকিল এন্টারপ্রাইজ | ক | নবায়ন | |
| ৬। | মেসার্স ইউনিটি এন্টারপ্রাইজ | ক | নবায়ন | |

২। অত্র দপ্তরের তালিকাভুক্ত সরবরাহকারী হিসাবে নিম্নলিখিত শর্তাবলী মেনে চলতে হবেঃ

ক। তালিকাভুক্তি সংক্রান্ত সরকারি বিধি নিষেধ, দরপত্রের ক্ষেত্রে সরকারি ক্রয় নীতিমালা এবং কোস্ট গার্ড কর্তৃক আরোপিত শর্তাবলী মেনে চলতে হবে।

খ। তালিকাভুক্তির মেয়াদ চলতি অর্থ বছরের জন্য বহাল থাকবে এবং নবায়নের জন্য পুণরায় আবেদন করতে হবে। অর্থবছরের মধ্যে কোন টেন্ডার কার্যে অংশগ্রহণ না করলে তালিকাভুক্তি বাতিল করা যেতে পারে।

গ। পাবলিক প্রকিউরমেন্ট বিধি-২০০৮ অনুযায়ী সকল উন্মুক্ত দরপত্রের জন্য নির্ধারিত বিধি মোতাবেক দরপত্র জামানত বা টেন্ডার সিকিউরিটি প্রদান করতে হবে।

ঘ। পাবলিক প্রকিউরমেন্ট বিধি-২০০৮ এর বিধি-৬৫(৫) মোতাবেক সীমিত দরপত্র তালিকাভুক্ত সরবরাহকারীদের জন্য টেন্ডার সিকিউরিটি আবশ্যক নয়। তবে দপ্তরের পরিস্থিতি অনুযায়ী টেন্ডার সিকিউরিটির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে।

ঙ। প্রতিযোগিতামূলক টেন্ডারে অংশগ্রহনের মাধ্যমে কোন কার্যাদেশ প্রাপ্ত হলে উক্ত কার্যাদেশ সাবকন্ট্রাক্ট/হস্তান্তর করা যাবে না। যে কোন কাজ সাবকন্ট্রাক্ট/হস্তান্তর করার ব্যাপারে সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেলে কার্যাদেশ বাতিলসহ তালিকাভুক্তি বাতিল করা হবে।

চ। অন্য কোন সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কর্তৃক আপনার কালো তালিকাভুক্তি হয়ে থাকলে/হলে অত্র সংস্থার তালিকাভুক্তি বাতিল করা হবে।

ছ। অত্র দপ্তরের বিভিন্ন স্তরে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারীদের সহিত কোন প্রকার অসাদাচরণ কিংবা সরকারি আচরণ বিধির পরিপন্থী কার্যকলাপ পরিলক্ষিত হলে তালিকাভুক্তি বাতিল করা হবে।

জ। অত্র কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়িতব্য যে কোন কাজের দরপত্র দলিল ক্রয় এবং দাখিলের সময় প্রত্যক্ষ/পরোক্ষভাবে বাধার সৃষ্টি করলে উক্ত সংস্থার তালিকাভুক্তি বাতিল করা হবে।

ঝ। তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সকল কাজ বাস্তবায়নে কর্তৃপক্ষ বাধ্য নহে। জরুরি/বিশেষ ধরণের কোন কাজে তালিকাভুক্ত/প্রকৃত প্রতিষ্ঠানসমূহের মধ্য হতে সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত পূর্বক অথবা নতুনভাবে প্রি-কোয়ালিফিকেশন যাচাই করে যে কোন কাজ বাস্তবায়ন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ঞ। আইন শৃংখলার পরিপন্থী কোন কাজ করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ট। আপনার প্রদত্ত তথ্যাবলী ভুল প্রমাণিত হলে তালিকাভুক্তি বাতিল করা হবে এবং সরকারি বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঠ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল নির্দেশনাসমূহ মেনে চলতে হবে।

৩। উপরোক্ত শর্ত সাপেক্ষে আপনার প্রতিষ্ঠানকে বাংলাদেশ কোস্ট গার্ড ঢাকা জোনে ক/খ/গ শ্রেণী অনুযায়ী সরবরাহকারী/ঠিকাদার হিসাবে তালিকাভুক্তি/নবায়ন করা হলো। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য বাংলাদেশ কোস্ট গার্ড ঢাকা জোন এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৪। শুধুমাত্র আইটি ও যোগাযোগ পরিদপ্তরের জন্য। উপরোক্ত তালিকাভুক্ত/নবায়নকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের নামীয় তালিকা ওয়েবসাইটে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

২৮/০৫/২৫

এম শফিকুর রহমান
লেঃ কমান্ডার বিএন
পক্ষে জোনাল কমান্ডার

বিতরণঃ

বহিস্থঃ

কার্যঃ

আইটি ও যোগাযোগ পরিদপ্তর
কোস্ট গার্ড সদর দপ্তর

..............................
(সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান) - ই-মেইলের মাধ্যমে।

অবগতিঃ

লজিস্টিকস্ পরিদপ্তর
কোস্ট গার্ড সদর দপ্তর